তারিখ 14 MAY 2016
পৃষ্ঠা [illegible] কলাম [illegible]

যুগান্তর

# চট্টগ্রামে গণিতের উত্তরপত্র পুনর্মূল্যায়নের দাবিতে মানববন্ধন

চট্টগ্রাম ব্যুরো

চট্টগ্রাম শিক্ষা বোর্ডের অধীনে অনুষ্ঠিত এসএসসি পরীক্ষার গণিত প্রশ্নের 'গ' ও 'ঘ' নম্বর সেটের উত্তরপত্র' পুনর্মূল্যায়নের দাবিতে মানববন্ধন করেছে শিক্ষার্থীরা। তাদের অভিযোগ, এ দুটি সেটের উত্তরপত্র মূল্যায়ন সঠিক হয়নি। এর ফলে তাদের 'গোল্ডেন জিপিএ-৫' হাতছাড়া হয়েছে। যা ভালো কলেজে ভর্তি হওয়ার ক্ষেত্রে বাধা হয়ে দাঁড়াবে। শুক্রবার সকাল সাড়ে ১০টায় চট্টগ্রাম প্রেস ক্লাবের সামনে অনুষ্ঠিত এ মানববন্ধনে নগরীর বিভিন্ন স্কুলের কয়েকশ শিক্ষার্থী অংশ নেয়। তাদের সঙ্গে যোগ দেয় অভিভাবকরাও। মানববন্ধনে শিক্ষার্থী ও অভিভাবকরা বক্তব্য রাখেন।